



সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবিতে বাংলা নববর্ষ উদযাপনে মঙ্গল শোভাযাত্রা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বাংলা নববর্ষ-১৪৩১ উপলক্ষ্যে বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। বাঙালির প্রাণের এ উৎসব উদযাপনে আজ রবিবার (১৪ এপ্রিল ২০২৪) বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে থেকে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলমের উপস্থিতিতে এ শোভাযাত্রা বের করা হয়, যা ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পুনরায় আরম্ভস্থলে এসে শেষ হয়।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন, পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ মহিনুজ্জামান, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনে সহ-সভাপতি জিয়াউর রহমান ভূঁইয়া স্মার্ট ও সাধারণ সম্পাদক ইবনে ওয়াজিদ ইসলাম ইমনসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা শোভাযাত্রায় অংশ নেন।

নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম নববর্ষের শুভেচ্ছা বার্তায় বলেন, পহেলা বৈশাখ বাঙালি জাতির প্রাণের একটি উৎসবে রূপ নিয়েছে। পুরাতন গ্লানিকে মুছে সামনে এগিয়ে যাওয়ার প্রেরণা গোটা জাতি আমেজ ও আনন্দঘন পরিবেশে এ দিনটি উদযাপন করে আসছে। এ উৎসব বাঙালির ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির সাক্ষ্য বহন করে চলেছে। নতুন বঙ্গাব্দের দিনগুলো সবার জন্য মঙ্গলময় হোক। সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৯৪